# ২০২৩
# বাংলা
## (সাম্মানিক)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

**কোর্স কোড : BENG-H-CC-T-14**

(সংস্কৃত, ইংরেজি সাহিত্যের ইতিহাস ও লোকসাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) কালিদাসের 'মেঘদূত'-এ মেঘের নাম কী ছিল? পূর্বমেঘ ও উত্তরমেঘ বলতে কী বোঝানো হয়েছে?

খ) ভবভূতি কোন্ শতকের কবি? তাঁর রচিত 'মালতীমাধব' গ্রন্থে উল্লিখিত কামন্দকি চরিত্রের পরিচয় দাও।

গ) শূদ্রক কোন্ দেশের রাজা ছিলেন? তাঁর সম্বন্ধে আর কী কী জানা যায় ?

ঘ) কালিদাসের 'মালবিকাগ্নিমিত্রম' গ্রন্থের ঐতিহাসিক গুরুত্ব কী?

ঙ) ভবভূতির 'মহাবীর চরিত'-এ কোন্ বীরের কথা বলা হয়েছে? এই রকম অভিধা দেবার কী যৌক্তিকতা ছিল?

(পরের পাতায়)

চ) বার্নার্ড শ এর 'Candida' নাটক সম্বন্ধে পাঁচটি বাক্য লেখো।

ছ) 'Ode on a Grecian Urn' কার লেখা? এখানে 'Grecian Urn' কথাটির অর্থ কী ?

জ) 'Don Juan' কার লেখা? এই রচনায় উল্লিখিত 'Don Juan' ব্যক্তিটি কোন্ দেশের এবং কী কারণে বিখ্যাত?

ঝ) শেক্সপীয়ারের 'Hamlet' নাটকে হ্যামলেট চরিত্রের মূল দ্বন্দ্ব কী?

ঞ) 'To a Skylark' কার লেখা? এখানে কাকে উদ্দেশ করে লেখা হয়েছে?

ট) ধাঁধা শব্দটির আক্ষরিক অর্থ কী? একটি ধাঁধার উল্লেখ করে তার অর্থের রহস্যময়তা দেখাও।

ঠ) খনার বচনে উল্লিখিত ফসলকেন্দ্রিক দুটি প্রবচন উল্লেখ করে তার অর্থ লেখো।

ড) বাংলা লোকগীতির সুরের দুটি প্রধান বৈশিষ্ট্য লেখো।

ঢ) প্রবচন ও প্রবাদের দুটি পার্থক্য দেখাও।

ণ) উদাহরণসহ লোকসাহিত্যের সংজ্ঞা লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) বাণভট্ট রচিত 'কাদম্বরী' গ্রন্থ সম্বন্ধে একটি টীকা লেখো।

খ) জয়দেব কোন্ সময়ের কবি? তাঁর গ্রন্থে প্রেমের কোন্ পর্যায়ের কথা বলা হয়েছে? তাঁর কাব্যের জনপ্রিয়তার প্রধান কারণগুলি লেখো।



গ) মিল্টনের 'Paradise Lost' গ্রন্থের অভিনবত্বগুলি তথ্যসহ দেখাও।

ঘ) টি এস এলিয়টের কবিতায় আধুনিক নগরজীবনের যে চিত্র দেখানো হয়েছে তার কাব্যিক তাৎপর্য ব্যাখ্যা করো।

ঙ) ময়মনসিংহ গীতিকা বঙ্গদেশের কোন্ এলাকায় অধিকতর প্রচলিত ছিল? কে প্রথম এই গীতিকাগুলি উদ্ধার করে বিদ্বৎসমাজে পরিচিত করিয়েছিলেন? যে কোনো একটি গীতিকার মূল গল্পটি লেখো। ১+১+৩

চ) বাংলা প্রবাদ জনসমাজের দীর্ঘদিনের অভিজ্ঞতা থেকে সৃষ্ট হয়েছে—কথাটি ব্যাখ্যা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) সংস্কৃত সাহিত্যের কবি ভাস সম্বন্ধে একটি প্রবন্ধ রচনা করো।

খ) আধুনিক ইংরেজি গীতিকবিতার সূচনা করেছিলেন ওয়ার্ডসওয়ার্থ—কথাটি বুঝিয়ে দাও।

গ) চার্লস ডিকেন্সের যে কোনো দুটি গ্রন্থ সম্বন্ধে তথ্যভিত্তিক আলোচনা করো।

ঘ) ছড়া কাকে বলে? ছড়া একাধারে শিশুতোষ, আবার অন্যদিকে সেগুলি সামাজিক ইতিহাসের পটচিত্র—উদাহরণসহ কথাটি ব্যাখ্যা করো।

------------